

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

জেলা পরিষদ শাখা

www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.৪২.৮২০০.০০০.১৪.০১৫.১৫-৩৪৬

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২
০৮ মার্চ ২০২৬

বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে রাজবাড়ী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৩.০০ লক্ষ (তিন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি প্রকল্প এবং ২০২৪-২৫ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫.৬৫ লক্ষ (পাঁচ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩টি প্রকল্প অনুমোদন।

সূত্র : ১. স্মারক নং ৪৬.৩০.৮২০০.০০২.১৪.২১৯.২৫.০৭ তারিখ: ২৩/০২/২০২৬ খ্রি.
২. স্মারক নং ৪৬.৩০.৮২০০.০০২.১৪.৩১২.২৪.৭১ তারিখ: ০১/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরের রাজবাড়ী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৩.০০ লক্ষ (তিন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি প্রকল্প এবং ২০২৪-২৫ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫.৬৫ লক্ষ (পাঁচ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩টি প্রকল্প নিম্নোক্ত শর্তাবলি যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের রাজস্ব তহবিল/এডিপি ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, রাজবাড়ী;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী।

স্মারক নম্বর : ৪৬.৪২.৮২০০.০০০.১৪.০১৫.১৫-৩৪৬/১(৬)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২
০৮ মার্চ ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টাম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব